মেহেরপুরে দুস্থ ও অসহায় পরিবারের মাঝে ঈদ সামগ্রী বিতরণ

মেহেরপুরে আল হিকমাহ ইসলামী পাঠাগারের উদ্যোগে দুস্থ ও অসহায় পরিবারের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে শহরের ক্যাশবপাড়ায় অবস্থিত আল হিকমাহ ইসলামী পাঠাগারের কার্যালয়ে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। পাঠাগারের পরিচালক রওশন আরার সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পাঠাগারের উপদেষ্টা আব্দুল লতিফ, সাইনা আক্তার রুপা, মোঃ শামসুল ইসলামসহ অন্যান্যরা।

এসময় এলাকার শতাধিক দুস্থ পরিবারের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

কর্তৃপক্ষ জানায়, অসহায় মানুষের পাশে দাঁড়াতে এ ধরনের কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

ঝিনাইদহে স্বপ্ন সারথীর উদ্যোগে ঈদ সামগ্রী বিতরণ

ঈদের আনন্দ ভাগাভাগি করে নিতে ঝিনাইদহে ‘স্বপ্ন সারথী ’ সামাজিক সংগঠনের উদ্যোগে সমাজের দুস্ত-অসহায় দরিদ্র মানুষের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার (১৮ মার্চ) শহরের উপশহর পাড়ার এক স্কুল মাঠে এই ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

স্বপ্ন সারথীর সভাপতি ড. তপন কুমার গাঙ্গুলির সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যক্ষ (অব:)

মোহাব্বত হোসেন টিপু। এসময় বিশেষ অতিথি হিসেবে বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটির উপ-পরিচালক হায়দার আলী, রয়েল ডায়াগোনষ্টিক সেন্টারের স্বত্বাধিকারী ডা. রেজাউল ইসলাম রেজা, পুলিশ কর্মকর্তা গোলাম মোহাম্মদ গামা, অংকুর নাট্য একাডেমির সদস্য সচিব নাজিম উদ্দীন জুলয়াস, সংযোগ ফাউন্ডেশনের জেলা কো- অর্ডিনেটর মুন্সী আবু হাসান, কৌতুক অভিনেতা ও সমাজ কর্মী, হুমায়ন কবিরী টুকু, নবগঙ্গা ফিটনেস একাডেমির প্রতিষ্ঠাতা পরিচালক কাজী আলী আহম্মেদ লিকু এবং স্বপ্ন সারথীর প্রতিষ্ঠাতা ও সাধারণ সম্পাদক প্রভাষক কাজী মোহাম্মদ আলী পিকুসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সাংবাদিক মোঃ শাহানুর আলম।

অনুষ্ঠানে ২’শ নারী-পুরুষের মাঝে ঈদের পোষাক ও খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।